

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প-২য় পর্যায়
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.brdb.gov.bd



স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.১১.০৪৮.২১. ৪৪

তারিখঃ ১৭/০১/২০২২ খ্রি.

বিষয়: ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনি ০১/০১/২০১৩ খ্রি. তারিখ হতে বাগেরহাট জেলাধীন বাগেরহাট সদর উপজেলায় সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো) হিসেবে কর্মরত আছেন এবং বর্তমানে ৯টি মহিলা সমিতির মাঠ সংগঠকের দায়িত্ব পালন করছেন। আপনার দায়িত্ব পালনে অবহেলা, অযোগ্যতা, অদক্ষতা ও মাঠ পরিদর্শনে অনিহার কারণে ঋণ আদায়, বিতরণ ও তদারকিসহ প্রকল্প/কর্মসূচির অন্যান্য কার্যক্রম মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। আপনার দায়িত্বভূক্ত ৯টি মহিলা সমিতিতে ২৫২ জন সদস্যের বিপরীতে কিস্তি খেলাপী ৪০,৬০০.০০ টাকা এবং মেয়াদোত্তীর্ণ খেলাপী ১১,৭৩,৩৯০.০০ টাকা এবং বাগেরহাট সদর উপজেলায় ৫০টি মহিলা সমিতিতে ১৬১৩ জন সদস্যের বিপরীতে ৩৮,৮৫,০৫১.০০ টাকা কিস্তি খেলাপী ও ৪৯,৮৩,০৩৪.০০ টাকা মেয়াদোত্তীর্ণ খেলাপী। আপনাকে বারংবার সতর্ক করার পরও আপনি অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করছেন না যার ফলে প্রকল্প/কর্মসূচির কাঙ্ক্ষিত অগ্রগতি সাধিত হচ্ছে না।

এমতাবস্থায়, আপনার এহেন দায়িত্ব পালনে অনিহা, অবহেলা, অযোগ্যতা, অদক্ষতা অর্থাৎ অফিস শৃঙ্খলা পরিপন্থী কার্যক্রমের জন্য কেন আপনার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা সহ চুক্তিভিত্তিক নিয়োগ হতে অপসারণ করা হবে না তার জবাব আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণের জন্য কর্তৃপক্ষের নির্দেশক্রমে বলা হলো।



মুহাম্মদ মাহবুব আলম
উপপ্রকল্প পরিচালক
ফোন নং ০২৮১৮৯০২৯

জনাব তন্ময় কান্তি মিরবর
সহকারী পল্লী উন্নয়ন অফিসার (ইরেসপো)
বিআরডিবি, বাগেরহাট সদর, বাগেরহাট।

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.১১.০৪৮.২১. ৪৪

তারিখঃ ১৭/০১/২০২২ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপপরিচালক, বিআরডিবি, বাগেরহাট।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বাগেরহাট সদর, বাগেরহাট।
৪. সহকারী পরিচালক (প্রশাসন), ইরেসপো, বিআরডিবি, ঢাকা {জনাব তন্ময় কান্তি মিরবর, সহকারী পল্লী উন্নয়ন অফিসার (ইরেসপো), বিআরডিবি, বাগেরহাট সদর, বাগেরহাট এর ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য}।
৫. অফিস নথি।

সদয় অবগতির জন্য:

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।



মুহাম্মদ মাহবুব আলম
উপপ্রকল্প পরিচালক